

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
প্রশাসন শাখা -৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislatediv.gov.bd

নং-৫৫.০০.০০০০.১০৭.১২.০১৬.১১ (অংশ-১)-১৭

তারিখ: ০৪/০২/২০২৫ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৭/০৩/২০১৮ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১৫৪.১৭.৪১ নং পত্রের সুপারিশক্রমে এবং এতদসংক্রান্ত বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৩৯৯/২০১৯ এর রায়ের প্রেক্ষিতে নিম্নবর্ণিত ১ (এক) জন প্রার্থীকে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ব্যক্তিগত কর্মকর্তা পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১০ম গ্রেডে (বেতন স্কেল ১৬০০০-৩৮৬৪০) অস্থায়ী ভিত্তিতে প্রচলিত অন্যান্য সুবিধাসহ নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হইল:

ক্রমিক নং	নাম	জেলা	রেজিঃ নং
১।	মুজাহীদুল ইসলাম আরীফ	কিশোরগঞ্জ	৫৯১১৪৮


শর্তাবলি:

- যোগদানের তারিখ হইতে এই নিয়োগ কার্যকর হইবে;
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে চাকরিতে যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসর পর্যন্ত শিক্ষানবিশি স্তরে থাকিতে হইবে। নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া তাহার শিক্ষানবিশি মেয়াদকাল বৃদ্ধি করিতে পারিবে, তবে এইরূপ বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক হইবে না। শিক্ষানবিশি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে;
- শিক্ষানবিশি মেয়াদ চলাকালে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক প্রতীয়মান হইলে অন্যান্য শর্তাদি পূরণসাপেক্ষে নিয়োগকারী কর্তৃপক্ষ তাহার চাকরি স্থায়ী করিবে;
- সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হইবে, উহাতে উত্তীর্ণ না হইলে অথবা প্রশিক্ষণ গ্রহণ না করিলে তাহার চাকরি স্থায়ী করা হইবে না;
- যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার জন্য অঞ্জীকারাবদ্ধ হইয়া থাকেন, তাহা হইলে তাহার নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে;
- তাহার ক্ষেত্রে বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর বিধানাবলি প্রযোজ্য হইবে;
- এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে চাকরি সংক্রান্ত অন্যান্য বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধানসহ ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান তাহার ক্ষেত্রে প্রযোজ্য হইবে; এবং
- এই চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হইবেন না।

২। উপরি-উক্ত শর্তাবলি গ্রহণযোগ্য হইলে আগামী ১২/০২/২০২৫ তারিখের মধ্যে তাহাকে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে যোগদান করিবার জন্য অনুরোধ করা হইল। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হইলে তিনি যোগদান করিতে সম্মত নন মর্মে ধরিয়া নেওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হইলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(এস, এম, শাফায়েত হোসেন)
যুগ্মসচিব (প্রশাসন)
ফোন: ০২৫৫১০১০৭৩।

অ: পৃ: দ্র:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):-

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে মুদ্রণের অনুরোধসহ)।
- ৪। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৯। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ১০। উপসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ১১। জনাব মুজাহীদুল ইসলাম আরীফ, পিতা: শাহ আহমদ আলী, গ্রাম: দক্ষিণ চাতল, পো: চাতল, ইউনিয়ন: মুমুরদিয়া, উপজেলা: কটিয়াদী, জেলা: কিশোরগঞ্জ।
- ১২। অফিস কপি।

মোঃ আলম
০৪/০২/২০২৫
(মোঃ শাহ আলম)
সহকারী সচিব (প্রশাসন-৩)